

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোরশেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd


গবেষণা ও গ্রহণ কেন্দ্র
বাংলাদেশ বেতার
ভারিখা: ০৫/০২/২০১৮
জরুরী

নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০২.১৭. ১৩৩৮

তারিখ: ০৫/০২/২০১৮

বিষয়: বর্তমান সরকারের চার বছর পূর্তি উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধনী পর্ব সরাসরি সম্প্রচার।

- আগামী ১২ জানুয়ারি ২০১৮, শুক্রবার বিকেল ৪টায় বাংলাদেশ আর্মি স্টেডিয়াম, ঢাকা-য় বর্তমান সরকারের চার বছর পূর্তি উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধনী পর্বে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। অনুষ্ঠানটি বিটিসিএল লাইনের মাধ্যমে বাংলাদেশ বেতার ঢাকা-ক, ৬৯৩ কিলোহার্জে ও এফ.এম. ১০৬.০ মেগাহার্জে এবং ওয়েব সাইট www.betar.gov.bd থেকে সরাসরি সম্প্রচার হবে।
- ২। উক্ত অনুষ্ঠানের সময়সূচি পরিবর্তনের ক্ষেত্রে সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা- সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সাথে যোগাযোগপূর্বক সমন্বয় করে অনুষ্ঠানটি যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন।
 - ৩। উক্ত অনুষ্ঠান প্রচারকালে ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান, সংবাদ, আযান, জাতীয় অনুষ্ঠান ও আবহাওয়াবর্তা ঢাকা-খ, ৮১৯ কিলোহার্জে, ঢাকা-গ, ১১৭০ কিলোহার্জে, এফ.এম. ৯৭.৬ মেগাহার্জে ও ক্ষুদ্র তরঙ্গ ৪৭৫০ কিলোহার্জে প্রচার হবে।
 - ৪। অনুষ্ঠানটি প্রচারের জন্য সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে অনুষ্ঠান শুরু ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।
 - ৫। উক্ত অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র-বাংলাদেশ আর্মি স্টেডিয়াম, ঢাকা থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত টেলিফোন লাইন বুক করবেন। এ ব্যয়ভার আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা বহন করবেন।
 - ৬। অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।
 - ৭। উক্ত অনুষ্ঠান সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা অনুষ্ঠান সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও উপস্থাপক-উপস্থাপিকাদের নিরাপত্তা পাশ সংগ্রহসহ অনুষ্ঠানটি প্রচারের পূর্বে ঘোষণা/প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের অবহিত করার ব্যবস্থা গ্রহণ, অনুষ্ঠানটি যথাযথভাবে প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলের (প্রকৌশল ও বার্তা শাখাসহ) সাথে যোগাযোগ এবং সমন্বয়সহ প্রচার নিশ্চিত করবেন।
 - ৮। উক্ত অনুষ্ঠানে ফিলার প্রচারের ক্ষেত্রে অনুমোদিত সংগীত/অনুষ্ঠান/গানের তালিকা অনুসরণের জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা প্রদান করা হলো।
 - ৯। উক্ত অনুষ্ঠান সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্বাঙ্কে দায়িত্ব অর্পণ করবেন এবং তিনি/তারা প্রতিনিধি সম্প্রচার বুখে উপস্থিত থেকে অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধানসহ অনুষ্ঠান যথাসময়ে সম্প্রচার নিশ্চিত করবেন।
 - ১০। উক্ত অনুষ্ঠানের ওপর প্রতিবেদন সংবাদে প্রচারের জন্য পরিচালক, কেন্দ্রীয় বার্তা সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
 - ১১। অনুষ্ঠানটি শুরুর ২ ঘন্টা পূর্বে বাংলাদেশ বেতার ঢাকা কেন্দ্রের বহিঃসম্প্রচার দলকে অনুষ্ঠানস্থলে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
 - ১২। পরিচালক, লিয়াজোঁ, সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।


(সলাহউদ্দিন আহমেদ)
উপ-মহাপরিচালক, অনুষ্ঠান
ফোন: ০২-৪৪৮২৩০৬৭
মহাপরিচালকের পক্ষে।

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১। প্রধান প্রকৌশলী/উপ-মহাপরিচালক, বার্তা, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার ধামরাই, ঢাকা।
- ৩। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার সদর দপ্তর, ঢাকা (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)/জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাভার, ঢাকা।
- ৪। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা।
- ৬। স্টেশন প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস, আগারগাঁও, ঢাকা/নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা।